

# মুগান্ধ

প্রিন্ট: ১৮ নভেম্বর ২০২৫, ০৪:২৭ পিএম

## সারাদেশ

খাতা চ্যালেঞ্জ

# চট্টগ্রাম বোর্ডে ফেল থেকে পাশ ৩৯৩ শিক্ষার্থী



চট্টগ্রাম বুরো

প্রকাশ: ১৬ নভেম্বর ২০২৫, ০৮:২২ পিএম



চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষার পুনর্নিরীক্ষণ ফলাফলে ৩৯৩ শিক্ষার্থী ফেল থেকে পাশ হয়েছে। এছাড়া নতুন করে জিপিএ-৫ পেয়েছে আরও ৩২ শিক্ষার্থী। সর্বমিলিয়ে ১ হাজার ২৩৬টি উত্তরপত্রের ফল পরিবর্তন হয়েছে।

রোববার চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক পারভেজ সাজজাদ চৌধুরী এ ফলাফল ঘোষণা করেন। তবে ফেল থেকে কতজন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে সেই তথ্য জানায়নি বোর্ড কর্তৃপক্ষ।

শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর পারভেজ সাজজাদ চৌধুরী যুগান্তরকে বলেন, পুনর্নিরীক্ষণ ফলাফলে ফেল থেকে জিপিএ-৫ পেয়েছে; কিন্তু কতজন শিক্ষার্থী ফেল থেকে জিপিএ-৫ পেয়েছে সেটা আলাদা করে বের করা হয়নি। পুনর্নিরীক্ষণে অনেকের এক-দুই বিষয়ে গ্রেড পরিবর্তন হয়েছে; কিন্তু ফেল থেকে পাশ হয়নি এমনও রয়েছে।

তিনি আরও বলেন, এবার এইচএসসির ১৮ হাজার ৩৪১ জন পরীক্ষার্থীর আবেদনের পরিপ্রেক্ষিতে ১ লাখ ১০ হাজার ২২৯টি উত্তরপত্র যাচাই-বাছাই করা হয়েছে। এর মধ্যে ১ হাজার ২৩৬টি উত্তরপত্র পরিবর্তন হয়েছে। যার মধ্যে ফেল থেকে পাস করেছে ৩৯৩ জন। গ্রেড পরিবর্তন হয়ে জিপিএ-৫ পেয়েছে ৩২ জন শিক্ষার্থী। এছাড়া একের অধিক বিষয়ে ফলাফল পরিবর্তন হয়েছে ১০ জন শিক্ষার্থীর।

চলতি বছর চট্টগ্রাম শিক্ষাবোর্ডে ১ লাখ ২ হাজার ৯৭০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে পাস করেছে ৫৩ হাজার ৫৬০ জন; যা শতকরা হিসেবে ৫২ দশমিক ৫৭ শতাংশ। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ৯৭ জন।

নতুন ফলাফল অনুযায়ী, এ বছর জিপিএ-৫ পেয়েছে ৬ হাজার ১২৯ জন এবং পাশ করেছে ৫৪ হাজার ৭৯৬ জন।